

## কানাডায় হামলার নিন্দা করলেন প্রধানমন্ত্রী

“কোয়েবেক ও অটোয়ায় কানাডার সামরিক বাহিনীর সদস্যদের উপর হামলায় এবং অটোয়ায় কানাডা পার্লামেন্টে গুলি বর্ষণের ঘটনায় আমি কঠোরভাষায় নিন্দা করছি। পার্লামেন্টকে গণতন্ত্রের মন্দির বলা হয় এবং যাঁরা গণতন্ত্রের আদর্শে বিশ্বাসী তাঁদের হৃদয়ে এর একটি বিশেষ স্থান রয়েছে। আমাদের পার্লামেন্টে জঘন্য সন্ত্রাসবাদী হামলার অভিজ্ঞতা রয়েছে বলেই, গণতন্ত্রের সর্বোচ্চ প্রতিষ্ঠানে হামলার বিরুদ্ধে কানাডার জনসাধারণের রোষ ও মানসিক আঘাতের প্রকাশের সংগে আমরা সহমর্মিতা প্রকাশ করছি। ভারতের জনসাধারণের পক্ষ থেকে আমি সেদেশের জওয়ানদের প্রয়াণে কানাডার জনসাধারণের প্রতি শোকজ্ঞাপন করছি এবং এক দুঃসহ সময়ে তাঁদের প্রতি সংহতি প্রকাশ করছি। কানাডা ভারতের এক শক্তিশালী মিত্র এবং আমাদের জনসাধারণকে এক নিরাপদ জীবন দেওয়ার জন্য এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে মোকাবিলায় আমাদের সহযোগিতা সুদৃঢ় করে তোলার জন্য প্রতিবদ্ধ।”

নয়াদিল্লি

২৩ অক্টোবর ২০১৪